# SOP for
# Self-Registration by Farmer (KMS 2023-24)
## অ-নথিভুক্ত বর্গাদার কৃষকের স্ব-নিবন্ধীকরণের নির্দেশিকা
## (খরিফ বিপণন মরশুম ২৩-২৪)

Ver 2.0 | Date of Release: 28.11.2023

২৩-২৪ খরিফ বিপণন মরশুমে ন্যূনতম সহায়ক মূল্যে ধান বিক্রি করতে খাদ্য ও সরবরাহ দপ্তরের ওয়েবসাইট -এ নিবন্ধন (registration) থাকা বাধ্যতামূলক। একজন কৃষক যদি অ-নথিভুক্ত বর্গাদার হন, অর্থাৎ কৃষকবন্ধু পোর্টালে নথিভুক্ত না থাকেন তাহলে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে নিজেই নিজের নিবন্ধন (registration) করতে পারেন।

১। epaddy.wb.gov.in ওয়েবসাইটের home page-এর 'Farmer' > 'Farmer Registration Status' মেনুতে গিয়ে কৃষক তাঁর ভোটার কার্ড নম্বর, আধার নম্বর বা পুরোনো রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সার্চ করে দেখে নিতে পারেন আগে তাঁর কোনো রেজিস্ট্রেশন আছে কিনা।

২। যদি Status: No registration দেখায় তার পাশেই 'Register as new farmer' লিঙ্ক থাকবে। ঐ লিঙ্ক থেকে কৃষক রেজিস্ট্রেশনের আবেদন করতে পারেন।

অথবা কোনো কৃষক যদি নিশ্চিত হন যে তাঁর ইতিপূর্বে কোনো রেজিস্ট্রেশন করা নেই, তিনি সরাসরি epaddy.wb.gov.in ওয়েবসাইটের home page-এর 'Farmer Self-Registration' মেনুতে গিয়ে কৃষক কাজ শুরু করবেন।





৩। নিবন্ধীকরণের ফর্মটি খুলে যাবে। প্রথমে কৃষককে জিজ্ঞাসা করা হবে তিনি ইতিমধ্যেই কৃষক বন্ধুতে নাম তুলেছেন কিনা।




৪। যদি কৃষক 'না' বেছে নেন, তাহলে 'অনথিভুক্ত বর্গাদার' হিসেবে ওনার রেজিস্ট্রেশন-এর কাজটি এগিয়ে যাবে। যেহেতু তিনি কৃষকবন্ধুতে আগে থেকে নথিভুক্ত নন তাই কৃষকবন্ধু থেকে কোনো তথ্য আসবে না। সেক্ষেত্রে প্রথমে তাঁকে ভোটার কার্ড নম্বর-টি দিতে হবে।





৫। কৃষক আধার নাম্বার দিয়ে e-KYC (OTP) বোতাম টিপলে আধার সংযুক্ত মোবাইল নম্বরে OTP যাবে।




৬। OTPটি এখানে দিয়ে Validate OTP বোতাম টিপতে হবে।





৭। আধার প্রমাণীকরণ বা validation সফল হলে আধার থেকে নাম, ছবি ইত্যাদি আসবে।




৮। এরপর কৃষক তাঁর মোবাইল নম্বর দেবেন এবং Generate OTP বোতাম টিপলে ওই নম্বরে OTP যাবে।





৯। OTPটি এখানে দিয়ে মোবাইল নম্বরটি প্রমাণীকরণ বা validation করতে হবে।




১০। কৃষকের পিতা/মাতা/স্বামীর নাম, বাসস্থানের ঠিকানা ইত্যাদি আধার থেকে আসবে, প্রয়োজনে পরিবর্তন করতে পারবেন ।





১১। কৃষকের বাসস্থানের জেলার অন্তর্গত সমস্ত ধান ক্রয়কেন্দ্র দেখানো হবে। কৃষক তার মধ্যে থেকে তাঁর নিকটবর্তী কোনো একটি বেছে নিতে পারেন।




১২। এবারে কৃষক তাঁর কৃষিজমির বিবরণ দেবেন।





১৩। এবারে কৃষক তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এর তথ্য দেখে সঠিক ভাবে দেবেন।




১৪। এবারে ভোটার কার্ড, স্ব-ঘোষণাপত্র, ব্যাঙ্ক-এর পাসবই ও আধার pdf বা jpg ফরম্যাটে আপলোড করতে হবে।




১৫। এখানে self -declaration বেছে নিতে হবে।



১৬। এই পর্যায়ে আবেদনপত্রটি আগাগোড়া মিলিয়ে নেওয়া একান্ত দরকার। ভুল থাকলে সঠিক করে নেবেন। সব তথ্য ঠিক থাকলে কৃষক submit বোতাম টিপে ও confirm registration করে আবেদনপত্রটি জমা করবেন।




১৭। আবেদনপত্র সফলভাবে জমা হলে একটি application no. সহ কৃষকের মোবাইলে SMS যাবে। ওই নম্বরটি দিয়ে পরবর্তীকালে কৃষক তাঁর application -এর স্থিতি অনুসন্ধান করতে পারেন।

